# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 26-03-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) ভারতীয় রেল, যোগাযোগ পরিকাঠামো উন্নয়ন এবং কবচ স্বয়ংক্রিয় রেল সুরক্ষা ব্যবস্থা সম্প্রসারণের জন্য ১২০০ কোটি টাকারও বেশি প্রকল্পের অনুমোদন করেছে।

২) বিদেশমন্ত্রী ডজয়শঙ্কর দু .এস .'দিনের সফরে আজ ফ্রান্স রওনা দেবেন। বিদেশমন্ত্রী সেখানে G-7 বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগ দেবেন।

৩) রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্তেনিও গুতারেস, অবিলম্বে পশ্চিম এশিয়ায় চলতি সংঘাতের অবসান চেয়ে নতুন করে কূটনৈতিক সমাধানের পক্ষে সওয়াল করেছেন।

৪) পুদুচেরি, অসম ও কেরালা বিধানসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের আজই শেষ দিন।

৫) আজ রাম নবমী। যথোচিত ধর্মীয় মর্যাদায় ভগবান শ্রীরামের আরাধনা চলছে। শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী।

৬) বাংলাদেশে ফেরি থেকে বাস জলে পড়ে গিয়ে ২৫ জনের প্রাণহানি হয়েছে।

---

ভারতীয় রেল যোগাযোগ পরিকাঠামো উন্নয়ন এবং একাধিক জোনকে সংযুক্ত করে কবচ স্বয়ংক্রিয় রেল সুরক্ষা ব্যবস্থা সম্প্রসারণের জন্য ১২০০ কোটি টাকারও বেশি

মূল্যের প্রকল্প অনুমোদন করেছে। রেলমন্ত্রক জানিয়েছে, উন্নত ফাইবার কমিউনিকেশন সিস্টেম এবং বর্ধিত সুরক্ষা ব্যবস্থার মাধ্যমে রেল নেটওয়ার্ককে শক্তিশালী করাই এই প্রকল্পগুলির উদ্দেশ্য। মন্ত্রক জানিয়েছে, সেন্ট্রাল রেলওয়ের পাঁচটি বিভাগ জুড়ে ৬০০ কোটি টাকারও বেশি ব্যয়ে একটি শক্তিশালী ডুয়েল ফাইবার কমিউনিকেশন নেটওয়ার্ক স্থাপনের জন্য দুটি বড় প্রকল্প অনুমোদন করা হয়েছে। এতে বলা হয়েছে, একটি নির্ভরযোগ্য, দ্বৈত-পথ যোগাযোগ ব্যবস্থার ভিত্তি তৈরি করতে অপটিক্যাল ফাইবার এবং ওভারহেড গ্রাউন্ড ওয়্যার সিস্টেম স্থাপন করা হবে, যা নিরবচ্ছিন্ন যোগাযোগকে সুনিশ্চিত করবে এবং ফাইবার ক্যাপাসিটি লিজ দেওয়ার মাধ্যমে অতিরিক্ত রাজস্ব আয়ের সুযোগও তৈরি হবে।

সুরক্ষা ব্যবস্থার প্রসঙ্গে মন্ত্রক জানিয়েছে, দেশীয় প্রযুক্তিতে তৈরি সংঘর্ষ প্রতিরোধ ব্যবস্থা 'কবচ ৪.০' তামিলনাড়ু, কেরালা এবং কর্ণাটকের ৫৪৮ কিলোমিটার অন্যতম ব্যস্ত ট্র্যাফিক রুটে ৩০০ কোটি টাকারও বেশি ব্যয়ে স্থাপন করা হবে। এতে বলা হয়েছে, এই ব্যবস্থাটি সংকটময় পরিস্থিতিতে স্বয়ংক্রিয়ভাবে ব্রেক প্রয়োগ করে ট্রেনের সংঘর্ষ প্রতিরোধ করার জন্য তৈরি করা হয়েছে এবং এটি ব্যস্ত করিডোরগুলির সুরক্ষা বৃদ্ধি করবে।

রেল মন্ত্রক জানিয়েছে যে, ৩০০ কোটি টাকারও বেশি ব্যয়ে গুজরাটের রাজকোট এবং ভাবনগর বিভাগ জুড়ে একটি অপটিক্যাল ফাইবার কমিউনিকেশন নেটওয়ার্কও তৈরি করা হবে। এতে আরও বলা হয়েছে যে, এই উদ্যোগগুলি আধুনিক রেল নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য প্রয়োজনীয় যোগাযোগ পরিকাঠামোকে শক্তিশালী করবে এবং 'কবচ'-এর ব্যাপক প্রসারে সহায়তা করবে, যা দেশে উন্নত নিরাপত্তা, দক্ষতা এবং ভবিষ্যৎ-উপযোগী রেল পরিচালনায় সহায়ক হবে।

----------------

বিদেশমন্ত্রী ডজয়শঙ্কর দু .এস .'দিনের সফরে আজ ফ্রান্স রওনা দেবেন। বিদেশমন্ত্রী সেখানে অংশীদার দেশগুলোর G-7 বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগ দেবেন। বিদেশমন্ত্রক জানিয়েছে যে, অ্যাবে দে) সার্নে-দে-ভো-Abbaye des-Vaux-de-Cernay)-তে অনুষ্ঠিত জিবিদেশমন্ত্রীদের বৈঠকের ফাঁকে ড ৭-. জয়শঙ্কর বিদেশমন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন বলে আশা করা হচ্ছে।

----------------

রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্তেনিও গুতারেস, অবিলম্বে পশ্চিম এশিয়ায় চলতি সংঘাতের অবসান চেয়ে নতুন করে কূটনৈতিক সমাধানের পক্ষে সওয়াল করেছেন। এই সংঘাত সমাজের দরিদ্র এবং প্রান্তিকতম মানুষের ওপর বৈষম্যমূলক প্রভাব ফেলছে বলে সতর্ক করে দেন তিনি। সমাজমাধ্যমের এক বার্তায় গুতারেস বলেছেন, সংঘাতের পরিণতি সাধারণ মানুষকে বহন করতে হচ্ছে, যাদের এই পরিস্থিতিতে কোনো ভূমিকাই নেই। গুতারেস, আন্তর্জাতিক আইন মেনে কূটনৈতিক আলাপ আলোচনাকে সমস্যা সমাধানের একমাত্র বাস্তবিক উপায় হিসাবে জোর দিয়েছেন। অপর এক বার্তায় তিনি এই সংঘাতের অর্থনৈতিক প্রভাব বিশেষ করে হরমুজ প্রণালী দীর্ঘদিন অবরুদ্ধ থাকার ফলে উদ্ভূত সংকটের কথা উল্লেখ করেন।

----------------

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, পশ্চিম এশিয়ায় চলতি সংঘর্ষ সত্ত্বেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের অর্থনীতি স্বাভাবিক রয়েছে। নতুনদিল্লিতে একটি বেসরকারি চ্যানেলের আয়োজিত শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখার সময় শ্রী রিজিজু

উল্লেখ করেন, ভারত জ্বালানির জন্য অন্যান্য দেশের ওপর নির্ভরশীল হলেও, অত্যন্ত দক্ষতার সঙ্গে এই সংকট মোকাবিলা করা হচ্ছে। শ্রী রিজিজু জানান, হরমুজ প্রণালী দিয়ে ভারতীয় জাহাজগুলির যাতায়াত অব্যাহত রয়েছে; যা ভারতের শক্তিশালী কূটনৈতিক অবস্থানের প্রতিফলন। তিনি বিশেষভাবে উল্লেখ করেন, প্রধানমন্ত্রী মোদী মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি, ইসরায়েলের প্রধানমন্ত্রী, ইরানের রাষ্ট্রপতি এবং উপসাগরীয় দেশগুলোর সরকারপ্রধানদের সঙ্গে নিয়ত যোগাযোগ রেখে চলেছেন।

(বাইট - কিরেন রিজিজু)

----------------

ইরান মার্কিন যুক্তরাষ্ট্রের দেওয়া পনেরো দফা প্রস্তাব প্রত্যাখ্যান করায় পশ্চিম এশিয়ায় সংঘর্ষ বিরতির প্রচেষ্টা ব্যহত হয়েছে। ইরানের জাতীয় গণমাধ্যম জানিয়েছে, তেহরান মধ্যস্থতাকারীদের মাধ্যমে প্রস্তাবটি পেলেও এটিকে খারিজ করে দিয়েছে। অনুমান করা হচ্ছে , যুক্তরাষ্ট্রের এই প্রস্তাবে ইরানের পারমাণবিক কর্মসূচি হ্রাস, ক্ষেপণাস্ত্র সক্ষমতা সীমিতকরণ, আন্তর্জাতিক নৌচলাচলের জন্য হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়া, আঞ্চলিক সশস্ত্র গোষ্ঠীগুলোর প্রতি সমর্থন কমানো এবং পর্যায়ক্রমিক নিষেধাজ্ঞা শিথিল করার মতো দাবি অন্তর্ভুক্ত রয়েছে।

----------------

ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি জানিয়েছেন, ইরান, ভারতসহ কয়েকটি বন্ধুদেশ যেমন চীন ও রাশিয়াকে বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য হরমুজ প্রণালী ব্যবহার করার ছাড়পত্র দিয়েছে। তবে তিনি স্পষ্ট করে বলেন, ইরানের শত্রুদের সঙ্গে যুক্ত রাষ্ট্রের জাহাজগুলিকে এই জলপথ ব্যবহারের অনুমতি দেওয়া হবে

না। উল্লেখ্য, ইরান হরমুজ প্রণালী বন্ধ করে দেওয়ার পর বিশ্বব্যাপী তেল ও গ্যাসের দাম বেড়ে গেছে। পারস্য উপসাগর ও ওমান উপসাগরের মধ্যবর্তী এই সংকীর্ণ নৌপথ দিয়ে বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) পরিবাহিত হয়।

----------------

পলাতক হীরে ব্যবসায়ী নীরব মোদীর ভারতে তাঁর প্রত্যর্পণের আদেশের বিরুদ্ধে আইনি কার্যকলাপ ফের শুরু করার আবেদন লন্ডনের 'হাই কোর্ট অফ জাস্টিস'-এর 'কিংস বেঞ্চ ডিভিশন' খারিজ করে দিয়েছে। মামলাটি পুনরায় খোলার এই আবেদনটি 'ভান্ডারি রায়'-এর ভিত্তিতে দায়ের করা হয়েছিল। এই রায় প্রতিরক্ষা ক্ষেত্রের মধ্যস্থতাকারী সঞ্জয় ভান্ডারির মামলায় ব্রিটেনের একটি উচ্চ আদালত প্রদান করেছিল। সেই মামলায় ভান্ডারি যুক্তি দেখিয়েছিলেন যে, তাঁকে ভারতে প্রত্যর্পণ করা হলে তিনি নির্যাতনের শিকার হতে পারেন। সেই যুক্তিতে আদালত মানবিক কারণে তাঁর প্রত্যর্পণের আবেদনটি প্রত্যাখ্যান করেছিল।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শনিবার উত্তর প্রদেশের জেওয়ারে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দর 'Phase-1'-এর উদ্বোধন করবেন। এটির নির্মাণে মোট ১১ হাজার ২০০ কোটি টাকা ব্যয় হয়েছে। দেশের প্রথম 'নেট জিরো এমিশন' কেন্দ্র হিসেবে একটি সুস্থায়ী প্রকল্পের আওতায় নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরটিকে পরিকাঠামোগতভাবে উন্নীত করা হচ্ছে। নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দর ভারতের

অন্যতম বৃহৎ গ্রিনফিল্ড বিমানবন্দর প্রকল্প। বিশ্বব্যাপী বিমান চলাচলের কেন্দ্র হয়ে ওঠার যাত্রায় এই উদ্যোগ একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

উল্লেখ্য, দিল্লি-এনসিআর অঞ্চলের দ্বিতীয় আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরটি গড়ে তোলা হয়েছে, যা ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের পরিপূরক হিসেবে কাজ করবে। প্রাথমিকভাবে এই বিমানবন্দরের যাত্রী পরিবহনের ক্ষমতা থাকবে বছরে ১ কোটি ২০ লক্ষ। তবে পূর্ণাঙ্গভাবে কাজ সম্পন্ন হলে এই ক্ষমতা বেড়ে বছরে ৭ কোটিতে পৌঁছাবে। এই বিমানবন্দরে একটি শক্তিশালী পণ্য পরিবহন বা 'কার্গো ইকোসিস্টেম'-ও গড়ে তোলা হয়েছে। এই কার্গো কেন্দ্রটি বছরে ২ লক্ষ ৫০ হাজার মেট্রিক টনেরও বেশি পণ্য পরিবহন করতে সক্ষম হবে।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী ২৯শে মার্চ রবিবার, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।

-----------------

আসাম, কেরালা, পুদুচেরি বিধানসভা এবং চারটি রাজ্যের উপনির্বাচনের জন্য মনোনয়নপত্র পরীক্ষা শেষ করেছে নির্বাচন কমিশন। প্রার্থীরা আজ বিকেল ৩টা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করতে পারবেন। কেরালায় মনোনয়নপত্রের যাচাই-বাছাই শেষে ২ হাজার ১২৫টির মধ্যে ১ হাজার ৭৫৪টি মনোনয়ন গৃহীত হয়েছে। সেখানে এখনও পর্যন্ত ১৪ জন প্রার্থী তাঁদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছেন।

পুদুচেরি বিধানসভা নির্বাচনের জন্য ৫১৪টি মনোনয়নের মধ্যে যাচাই-বাছাই শেষে ৪১১টি গৃহীত হয়েছে এবং ১০৩টি বাতিল করা হয়েছে। অসম বিধানসভা নির্বাচনের জন্য যাচাই-বাছাইয়ের পর ৭৩৯ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ হিসেবে গণ্য হয়েছে।

এক বিবৃতিতে নির্বাচন কমিশন জানিয়েছে, দুই হাজার ১৪০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন, যার মধ্যে আসামের ৭৮৯ জন, কেরালার ৯৮৫ জন এবং পুদুচেরির ৩৬৬ জন প্রার্থী রয়েছেন। এছাড়াও, চারটি রাজ্যের উপনির্বাচনে ৬৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন, যার মধ্যে গোয়া থেকে তিনজন, কর্ণাটক থেকে ৫০ জন, নাগাল্যান্ড থেকে সাতজন এবং ত্রিপুরা থেকে ছয়জন প্রার্থী রয়েছেন।

-----------------

দেশজুড়ে চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় আজ রামনবমী উদযাপিত হচ্ছে। শ্রী রামচন্দ্রের জন্ম তিথির এই উৎসব, সকলকে সত্য ও ন্যায়ের পথে অবিচল থাকতে এবং কর্তব্যনিষ্ঠ হয়ে উঠতে শিক্ষা দেয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাম নবমী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি ভগবান রামের জীবনাদর্শের গুরুত্ব তুলে ধরেন। রাষ্ট্রপতি বলেন, তার জীবনাদর্শ ভারতীয় সংস্কৃতির ভিত্তি।

-----------------

অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু আজ ভোরে এক ভয়াবহ সড়ক দুর্ঘটনায় বেশ কয়েকজনের প্রাণহানির খবরে গভীর শোক প্রকাশ করেছেন। মার্কাপুরম জেলার রায়াবরমের কাছে একটি পাথর খনি এলাকায় একটি বেসরকারি যাত্রীবাহী বাসের সঙ্গে টিপার ট্রাকের সংঘর্ষের ফলে বাসটিতে আগুন ধরে যায়। বাসটি সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে যায়। বেশ কয়েকজন যাত্রী বাসের ভেতরে আটকা পড়েছিলেন। জীবন্ত অগ্নিদগ্ধ হয়ে তাঁদের মৃত্যু হয়েছে বলে প্রাথমিক খবরে জানা গেছে ।মুখ্যমন্ত্রী টেলিকনফারেন্সে রাজ্যের মন্ত্রী অনিতা এবং জনার্দন রেড্ডি সহ শীর্ষ আধিকারিক ও পুলিশ আধিকারিক এবং জেলার পুলিশ সুপার ও কালেক্টরের সঙ্গে কথা বলেন। আধিকারিকরা মুখ্যমন্ত্রীকে জানান দুর্ঘটনার সময়ে বাসে ৩৫ জন যাত্রী ছিলেন। তাদের মধ্যে ১৩ জন প্রাণ হারিয়েছেন, ২২ জন আহতের চিকিৎসা চলছে। তিনজনের অবস্থা আশঙ্কাজনক। হরি কৃষ্ণ ট্রাভেলস এর জাগিত্যাল থেকে নেল্লোর যাচ্ছিল। মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু আহতদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা করতে এবং মৃত ও আহতদের পরিবারকে পর্যাপ্ত ক্ষতিপূরণ দিতে নির্দেশ দিয়েছেন। দুর্ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

----------------

বাংলাদেশে মর্মান্তিক বাস দুর্ঘটনায় ২৫ জনের ম্রিত্যু হয়েছে । গতকাল বিকেলে রাজবাড়ী জেলার দৌলতদিয়া ফেরি টার্মিনালে যাত্রী বোঝাই একটি বাস ফেরিতে ওঠার সময় নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে গেলে এই দুর্ঘটনা ঘটে। আধিকারিকরা জানিয়েছেন, বাসটি জলের নিচে প্রায়৩০ ফুট গভীরে তলিয়ে গিয়েছিল।

উদ্ধারকারীদল 'হামজা' নামের একটি ভেসেলের সাহায্যে বাসটি জল থেকে টেনে তোলে। ভোররাত পর্যন্ত সেখান থেকে২৩টি দেহ উদ্ধার করা হয়েছে ।পরে হাসপাতালে দুজনের মৃত্যু হয়। নিহতদের মধ্যে বেশ কয়েকজন মহিলা ও শিশু।

আধিকারিকরা জানিয়েছেন, প্রায় ৪০ থেকে ৫০ জন যাত্রী নিয়ে বাসটি কুষ্টিয়ার কুমারখালী থেকে রওনা দিয়েছিল। কয়েকজন যাত্রী সাঁতরে নিরাপদে তীরে উঠতে সক্ষম হন।

অন্যদিকে তিনজন আহতকে উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। দুর্ঘটনার পরপরই দমকল ও অসামরিক প্রতিরক্ষা দপ্তরের ডুবুরি দল, নৌ-পুলিশ এবং স্থানীয় প্রশাসনের সহায়তায় তাৎক্ষণিকভাবে উদ্ধার অভিযান শুরু করা হয়। নিখোঁজ যাত্রীদের সন্ধানে সহায়তা করার জন্য ঢাকা থেকেও অতিরিক্ত উদ্ধারকারী দল সেখানে পাঠানো হয়। হতাহতের সন্ধানে উদ্ধার অভিযান এখনো চলছে।

----------------

উত্তরের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং এবং দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে আজ হালকা ঝড় জলের সম্ভাবনা রয়েছে। তবে আগামীকাল উত্তরবঙ্গের উত্তরের প্রায় সব জেলায় এবং দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই বজ্র বিদ্যুৎ এবং দমকা হাওয়া সহ

মাঝারি থেকে ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। দার্জিলিং এবং কালিম্পং জেলাতে রয়েছে শিলাবৃষ্টিরও পূর্বাভাস।

এদিকে, কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় আজ শুষ্ক আবহাওয়া থাকবে । আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক দশমিক ৭ ডিগ্রি বেশি।

---------------- ----------------